টিজি – ফেম সিরিজ

(টার্গেট গ্রুপ আর্থিক সচেতনতা বার্তা)




# বিত্তীয় সাক্ষরতা



## স্বনির্ভর গোষ্ঠীর জন্য

বিত্তীয় অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

**বার্তা ১**
স্বনির্ভর গোষ্ঠী সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্টের জন্য কে ওয়াই সি

**বার্তা ২**
লাভ এবং সুরক্ষানীতি

**বার্তা ৩**
স্বেচ্ছাকৃত সঞ্চয়

**বার্তা ৪**
স্বনির্ভর গোষ্ঠীর সুনীতিসমূহ - বিভাগ ১

**বার্তা ৫**
স্বনির্ভর গোষ্ঠীর সুনীতিসমূহ - বিভাগ ২



## স্বনির্ভর গোষ্ঠী


লাভ এবং সুরক্ষানীতি
স্বনির্ভর গোষ্ঠীর ব্যাঙ্ক অ্যাকাউন্টের জন্য কে ওয়াই সি
স্বেচ্ছাকৃত সঞ্চয়
স্বনির্ভর গোষ্ঠীর সুনীতিসমূহ বিভাগ ১ ঃ পর্যায়ক্রমে মিটিংসমূহ, পর্যায়ক্রমে সঞ্চয় ও নিয়মিত অভ্যন্তরীণ ঋণদান
স্বনির্ভর গোষ্ঠীর সুনীতিসমূহ বিভাগ ২ ঃ নিয়মিত পরিশোধ এবং বুক কিপিং

## বার্তা ১ : স্বনির্ভর গোষ্ঠী সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্টের জন্য কে ওয়াই সি

ধরুন আপনি ১০-২০ জন লোককে নিয়ে একটি স্বনির্ভর গোষ্ঠী গঠন করেছেন সঞ্চয় ও ঋণসংক্রান্ত কার্যকলাপের জন্য এবং আপনি স্বনির্ভর গোষ্ঠীর জন্য এখন একটি সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে চান।

### স্বনির্ভর গোষ্ঠী

একসাথে হওয়ার উদ্দেশ্য ঃ **গ্রুপের জন্য সঞ্চয় ও ঋণের সুবিধা**




**অফিস বাহক**


**ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার জন্য চেক তালিকা**



সকল অফিস বাহকের কেওয়াইসি



স্বনির্ভর গোষ্ঠীর তরফে অ্যাকাউন্ট খোলার জন্য কর্মকর্তাদের দৃঢ়সংকল্প



সকল গ্রুপ সদস্যের জন্য কেওয়াইসি


## বার্তা ২ : লাভ এবং সুরক্ষানীতি



করপাস



নগদ



ব্যাঙ্ক ব্যালান্স



সদস্যের ঋণপ্রদান

ঋণের পরিমাণ করপাসের ১-৪ গুণ, যদি করপাস টা. ১০০০০ হয়, তাহলে টা. ১০০০০ থেকে টা. ৪০০০০

যদি ব্যাঙ্ক আপনার স্বনির্ভর গোষ্ঠীকে অনুমোদিত করে, তাহলে আপনার ঋণ নির্ভর করবে মূল পুঁজির উপর। ধরুন আপনার স্বনির্ভর গোষ্ঠীর টা. ১০০০০ বর্তমান (স্বনির্ভর গোষ্ঠীর নগদ ব্যালান্স .. সেভিংস অ্যাকাউন্টের ব্যালান্স ... সদস্যদের প্রদত্ত ঋণের পরিমাণ) তাহলে ঋণের পরিমাণ টা. ১০০০০ থেকে টা. ৪০০০০-এর মধ্যে থাকে।


**স্বনির্ভর গোষ্ঠীর ঋণের জন্য কিছু জমা রাখার দরকার নেই**

**ঋণের পরিমাণ মূল টাকার ৪ গুণ বেশী সম্ভব যদি ঃ**

- ✦ স্বনির্ভর গোষ্ঠী বহু বছর ধরে সাফল্যের সাথে কর্ম পরিচালনা করে
- ✦ পূর্ব ঋণগুলির পরিশোধ সঠিক সময়মতো
- ✦ ঋণের সুবিধা দায়িত্বের সাথে ব্যবহার করা

## বার্তা ৩ ঃ স্বেচ্ছাকৃত সঞ্চয়

সাধারণত স্বনির্ভর গোষ্ঠীর সদস্য হিসাবে আপনাকে সাপ্তাহিক-দ্বি-সাপ্তাহিক-মাসিক সভাগুলিতে বাধ্যতামূলক একটি নিদিষ্টে টাকা জমা করতে হবে। আপনার উপার্জন ক্ষমতার উপার্জন ও আপনার ক্ষমতায় জমা সময়মতো বেড়ে উঠবে প্রচুর পরিমাণে এবং সেটা গোষ্ঠীর অন্যান্য সদস্যদে থেকে আলাদা হতে পারে। আপনি স্বেচ্ছায় যদি আপনার নির্ধারিত জমা টাকার উপর বাড়তি কিছু টাকা জমা করতে পারেন অন্যান্য সদস্যদের তুলনায়।
স্বতন্ত্র সদস্যদের গ্রুপের জন্য টাকা জমা করার দুটি উপায় আছে, এক গ্রুপ দ্বারা নির্দিষ্ট এবং দ্বিতীয়ত স্বেচ্ছাকৃত।



**গ্রুপের দ্বারা নির্দিষ্ট বাধ্যতামূলক সঞ্চয়**

**স্বেচ্ছাকৃত সঞ্চয় যদি গ্রুপ সদস্যদের থেকে উপার্জন বেশী থাকে**

আপনি একটি স্বতন্ত্র ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে পারেন - আপনার সেভিংস অ্যাকাউন্ট পুনরায় চালু করতে পারেন আপনার খরচের উদ্বৃত্ত অংশ সেভিংস অ্যাকাউন্ট জমা রেখে। অন্যথায় আপনি উদ্বৃত্ত টাকা স্বেচ্ছাকৃত সঞ্চয় হিসাবে স্বনির্ভর গোষ্ঠীতেও রাখতে পারেন। আপনাকে নিশ্চিত করতে হবে যে স্বনির্ভর গোষ্ঠী ছাড়াও টাকার হিসেব রাখার ব্যবস্থা থাকবে।

স্বেচ্ছাকৃত সঞ্চয়কে দু'ভাবে ভাগ করা যেতে পারে ঃ
১) এটি গ্রুপ কর্পাসের কোন অংশ নয়।
২) গ্রুপ কর্পাসের অংশ এবং দলের সদস্যদের মধ্যে ঋণের জন্য ব্যবহৃত হয়।
যদি (২য়)টি হয় তবে এটি ব্যাঙ্কের দ্বারা গোষ্ঠীকে দেওয়া ঋণের রাশির পরিমাণ ধার্য করা জন্য বিচার্য হবে যার মাধ্যমে স্বয়ম্ভর গোষ্ঠী ব্যাঙ্কের থেকে অনেক বেশী পরিমাণ ঋণ পেয়ে লাভবান হতে পারবে। স্বয়ম্ভর গোষ্ঠীর সদস্যরা যৌথভাবে ঠিক করবেন যে সদস্যদের দ্বারা এই স্বেচ্ছাকৃত সঞ্চয় গ্রুপের ডিভিডেন্ডের অনার্জিত সুদের আনুপাতির আয়ের যোগ্য হবে।

## বার্তা ৪ ঃ স্বনির্ভর গোষ্ঠীর সুনীতিসমূহ - বিভাগ ১



### পর্যায়ক্রমে সভাসমূহ

গ্রুপের সদস্যদের সিদ্ধান্তেই সভার দিন ঠিক করতে হবে। এই সভাগুলি হয় প্রধানত সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক কিন্তু স্বনির্ভর গোষ্ঠীর সুবিধামতো পাক্ষিক/মাসিক হতে পারে।

**নিয়মিত সভা ও নিয়মিত উপস্থিতি ঃ** নিয়মিত গ্রুপের সভা এবং সেই সভায় সার্বিক অংশগ্রহণ করা স্বনির্ভর গোষ্ঠীর কার্যকারিতার সদস্যদের শক্তি যোগায়। স্বনির্ভর গোষ্ঠী সেজন্য নিয়মিত সভা করে এবং তাতে সকল সদস্যদের অংশগ্রহণ করার উপর জোর দেবে। এইসব সভাগুলিতে সদস্যরা নিজেরাই নিজেদের কাছাকাছি চলে আসতে পারে এবং একে অপরের মনোভাব বুঝতে পারে। সকল সদস্যদের গ্রুপ মিটিংয়ে অংশগ্রহণ গোষ্ঠীর স্থায়িত্বতাকে আরও দৃঢ় করে এবং তা ভবিষ্যতে পারস্পরিক আর্থিক ভিতকে আরো মজবুত করে।



### পর্যায়ক্রমে সঞ্চয়

গ্রুপের সদস্যরাই ঠিক করবেন দুঃস্থ সদস্যরা তাদের সামর্থ্য অনুযায়ী কতটা টাকা জমা করবেন।

স্বল্প সঞ্চয়ের অভ্যাস স্বনির্ভর গোষ্ঠীর প্রধান সাধারণ মূলধন। (সুবিধা ঃ নিয়মমতো সঞ্চয় গ্রুপের সদস্যদে এমন একটা আর্থিক সহায়তা দেয় যে তাদের ভবিষ্যতে যে কোনরকম জরুরী দরকারে কোন কুসীদজীবীর কাছে যেতে হয় না।

জমা টাকার থেকে সেই জরুরী প্রয়োজন মেটানো যায়। জমা টাকা বৃদ্ধির ফলে ব্যাঙ্ক থেকে বেশী ঋণ পাওয়া যায়।)



## নিয়মিত অভ্যন্তরীণ ঋণদান

যদি স্বনির্ভর গোষ্ঠী বেশ কিছু টাকা তিন থেকে ছয় মাসের মধ্যে সঞ্চয় করে থাকে তাহলে সদস্যেরা তাদের সঞ্চয়ের থেকে ঋণ পাবার সুযোগ পাবেন জরুরী প্রয়োজনে বাড়তি উপার্জনের জন্য প্রয়োজনীয় ঋণ নিতে পারবে।

- সদস্যদের মধ্যে অভ্যন্তরীণ ঋণ দেওয়া হবে গ্রুপের জমা রাশি থেকে এবং তা সদস্যদের প্রয়োজনের ভিত্তিতে অগ্রাধিকার পাবে।
- স্বনির্ভর গোষ্ঠী কিছু সময়ের জন্য নিজেদের জমা টাকার হিসাব চালনা করার ফলে একে অপরের আর্থিক প্রয়োজন বুঝতে পারবে এবং আর্থিক ব্যবস্থাপনার বিষয়ে আরো দক্ষতা অর্জন করবে।
- সদস্যদের মধ্যে ঋণ প্রদানের ফল গ্রুপ সদস্যদের সুদের হার, কিস্তিতে ঋণের প্রাপ্যতা, পর্যাবৃত্ত ঋণ পুনরুদ্ধার ইত্যাদি সম্পর্কে জ্ঞান লাভ করতে পারে।
- গ্রুপই সিদ্ধান্ত নেবে ঋণের উদ্দেশ্য, পরিমাণ, সুদের হার, ঋণ পরিশোধের সময়সীমা ইত্যাদি সম্পর্কে।

## বার্তা ৫ ঃ স্বনির্ভর গোষ্ঠীর সুনীতিসমূহ - বিভাগ ২



### নিয়মিতভাবে ঋণ পরিশোধ

ঋণদান এবং ঋণগ্রহণ ঋণগ্রহীতার আস্থা ও বিশ্বাসের উপর নির্ভর করে। ঋণগ্রহীতার কর্তব্য সময়মতো কিস্তিতে টাকা শোধ করা। কিস্তির টাকা দিতে দেরী করায় বেশী সুদ প্রদান করা ঋণগ্রহীতার পক্ষে যায় যা ভবিষ্যতে পুনরায় ঋণ পাবার পক্ষে অনুকূল হয় না।



## হিসাব রক্ষণ

এটা খুব গুরুত্বপূর্ণ যে স্বনির্ভর গোষ্ঠী আর্থিক এবং অনার্থিকগাত লেনদেনগুলি স্বচ্ছ। এটা সদস্যদের পারস্পরিক বিশ্বাস ও ভরসা স্থাপন করে। অ্যাকাউন্টের হিসেবের রেকর্ডের জন্য সদস্যদের জন্য রেজিস্টার, মিনিট বুক, হাজিরা খাতা, নগদ বই ইত্যাদিতে নিয়মিত লিপিবদ্ধ করা হয়।

স্বনির্ভর গোষ্ঠীর সকল লেনদেন যেমন সদস্যদের নিয়মিত সঞ্চয়, স্বেচ্ছাকৃত সঞ্চয় এবং অভ্যন্তরীণ ঋণসংক্রান্ত বিষয়ে রেকর্ড করা হয় এবং সেটা সদস্যদের জানানো হয় নিয়মিতভাবে।

**সুবিধাসমূহ ঃ**

১) ভবিষ্যতে সঠিক সিদ্ধান্ত নেওয়ার জন্য গ্রুপের নেওয়া সিদ্ধান্ত সদস্যদের সময়মতো জানানো হবে।

২) হিসাবরক্ষণ সদস্যদের সঞ্চয়ের আর্থিক স্থিতি, ঋণ, সদস্যদের হাজিরা, গ্রুপের তহবিল, ঋণ পরিশোধের শতকরা হিসাব ইত্যাদি নির্ধারণ করতে সাহায্য করে।

৩) এটি সদস্যদের মধ্যে একতা ও আস্থা বাড়াতে সাহায্য করে।

৪) এটি গ্রুপের ঋণযোগ্যতা বাড়িয়ে প্রাতিষ্ঠানিক উন্নতিবিধান করে।

৫) এটি গ্রুপকে কার্যকলাপের উপর নজর রাখতে সাহায্য করে।

৬) ভাল হিসাবরক্ষণের ফলে বাইরের থেকে অর্থসংস্থান করা যেমন ব্যাঙ্কের থেকে ঋণ এবং অন্যান্য এজেন্সীর ঋণ পাওয়ায় সাহায্য করে।

৭) সু-হিসাবরক্ষণের ফলে সদস্যদের আর্থিক লেনদেনের স্বচ্ছতা বাড়িয়ে দেয় যা গ্রুপের সামর্থ্য ও স্থায়িত্ব বাড়িয়ে দেয়।

৮) এই কারণে জনপ্রতিষ্ঠানের চোখে গ্রুপ একটি স্বীকৃতি বহন করে

৯) সু-হিসাবরক্ষণ গ্রুপের কার্যকলাপের মান নির্ধারণ করে।

# লক্ষ্য-নির্দিষ্ট বিত্তীয় সাক্ষরতার উপাদান

শ্রী দীপক মহান্তি, কার্যবাহী নির্দেশক, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, বিত্তীয় অন্তর্ভুক্তির উপর মিডিয়াম টার্ম পাথ নামাঙ্কিত কমিটির সভাপতিত্বকালীন সুপারিশ করেন ''সবার জন্য একই সাইজ'' এই রাস্তা আর্থিক শিক্ষার জন্য হয়তো আদর্শ নয় কারণ বিভিন্ন অভিষ্ট সমষ্টি-দল-এর বিভিন্ন ধরনের আর্থিক শিক্ষার প্রয়োজন। ফলত বিভিন্ন লক্ষিত দলের জন্য তথ্যের বিষয়সূচী আলাদা হওয়ার প্রয়োজন। বিত্তীয় অন্তর্ভুক্তি এবং উন্নয়ন বিভাগ, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আর্থিক সাক্ষরতার বিষয়সূচী আলাদাভাবে পাঁচটি সমষ্টির জন্য তৈরি করছে - কৃষক, ছোট উদ্যোগী, বিদ্যালয়ের ছেলেমেয়ে, স্বনির্ভর গোষ্ঠী, প্রবীণ নাগরিক। এই বইটি আর্থিক সাক্ষরতার উপর এমনই পাঁচটি বইয়ের একটি।

**ডিসক্লেমার**

পাঠকদের আথিক সাক্ষরতা প্রাপ্তির আন্তরিক লক্ষ্যে এই বইটি পড়া ও পড়ানোর জন্য প্রস্তুত করা হয়েছে। এই বইয়ের উদ্দেশ্য নয় কোন পাঠককে বর্ণিত কোন যোজনা বা পরিষেবা সম্বন্ধে প্রভাবিত করা।

কপিরাইট
প্রথম সংস্করণ, এপ্রিল ২০১৮
উৎস স্বীকার শর্তে প্রতিলিপি করাতে কোন আপত্তি নেই

লেখা এবং মুদ্রণ
বিত্তীয় অন্তর্ভুক্তি ও বিকাশ দপ্তর
ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
১০ম তল, সেন্ট্রাল অফিস বিল্ডিং
শহীদ ভগত সিং মার্গ
ফোর্ট, মুম্বই

কৃতজ্ঞতা স্বীকার
ডিজাইন ঃ কৌশিক রামচন্দ্রন

**বিত্তীয় অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ**
**ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক**
১০ম তল, সেন্ট্রাল অফিস
মুম্বই - ৪০০ ০০১. ভারত